



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন -১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৪৯.২৪.৪০৪

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩১

১৪ মে ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ৩১০১/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৩১০১/২০২৪-এর ১২/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন নান্দাইল ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে জনাব মোঃ লিটন মিয়া ফুটবল প্রতীকে ৭৭৯ ভোট পেয়ে নির্বাচিত হন। তালা প্রতীকে ৭৬৩ ভোট পেয়ে পরাজিত প্রার্থী জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ খান সবুজ উক্ত ফলাফল পুনঃগণনার প্রার্থনার্থে ইলেকশন ট্রাইব্যুনাল মোকদ্দমা নং ১৯/২০২২ দায়ের করেন। বিজ্ঞ আদালত কর্তৃক ভোট পুনঃগণনায় তালা প্রতীকের প্রার্থী ৮১৫ ভোট পাওয়ায় জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ খান সবুজ-কে বিজয়ী ঘোষণা করা হয়। এ ফলাফলের বিষয়ে সংস্কৃক হয়ে জনাব মোঃ লিটন মিয়া ইলেকশন আপিল নং ০৮/২০২৩ দায়ের করেন। উক্ত আপিল মামলা নামঞ্জুরপূর্বক ইলেকশন ট্রাইব্যুনাল মোকদ্দমা নং ১৯/২০২২-এর আদেশ বহাল থাকায় পিটিশনার সংস্কৃক হয়ে রিট পিটিশন নং ৩১০১/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত বিষয়ে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, প্রধান নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন-কে ২নং এবং জেলা প্রশাসক, ময়মনসিংহ-কে ৪নং প্রতিপক্ষসহ মোট এগারো জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৩১০১/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8823/potrojariAttachmentRef/53936/0/2240)

১৪-৫-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৪৯.২৪.৪০৪/১(৬)

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩১

১৪ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
- ২) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১৪-৫-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)